২০

দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 04 JUN 1989
পৃষ্ঠা ... ৯ ... কলাম ... ৬

# প্রস্তাবিত বিশেষ সম্মেলনে মাদ্রাসা শিক্ষকদের যোগ না দেওয়ার আহবান

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের অন্যতম সংগঠন বাংলাদেশ জমিয়াতুল মোদাররেছীনের ওয়ার্কিং কমিটির এক সভা গত ১লা ও ২রা জুন ঢাকার ২২৯, গ্রীন রোডে অনুষ্ঠিত হয়। সংগঠনের সহসভাপতি মওলানা মহাম্মদ উল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় মোদাররেছীনের ওয়ার্কিং কমিটির ও জেলা পর্যায়ের নেতৃবৃন্দের উপস্থিতিতে গত ৫ই এপ্রিল ফেডারেশনের মহাসম্মেলনে সরকারী-বেসরকারী শিক্ষকদের বিভিন্ন পেশাগত সমস্যা সমাধানকল্পে বেসরকারী শিক্ষকদের ১০ ভাগ মহার্ঘ ভাতা প্রদান, শিক্ষক কল্যাণ ট্রাষ্ট গঠন, বেতন বাবদ সরকারী মঞ্জুরী মাসিক ভিত্তিতে প্রদান এবং তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের জাতীয় বেতন স্কেলের অন্তর্ভুক্তকরণ সংক্রান্ত ঘোষণার জন্য প্রেসিডেন্টকে অভিনন্দন জ্ঞাপন করা হয়।

অপর এক প্রস্তাবে মাদ্রাসা শিক্ষকদের 'কোটি কোটি টাকা আত্মসাৎকারী, দুর্নীতির দায়ে অভিযুক্ত' ও জমিয়াতুল মোদাররেছীন হইতে বহিষ্কৃত মওলানা মান্নান কর্তৃক আগামী ৮ ও ৯ই জুন মাদ্রাসা প্রধানদের প্রস্তাবিত বিশেষ সম্মেলনের খবরে গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করা হয়। এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয় যে, অশিক্ষক মওলানা মান্নান কর্তৃক আহূত মাদ্রাসা শিক্ষকদের তথাকথিত বিশেষ সম্মেলনের সহিত বাংলাদেশ জমিয়াতুল মোদাররেছীনের কোন সম্পর্ক নাই এবং উক্ত সম্মেলনের নামে ভাওতাবাজির মাধ্যমে মাদ্রাসা প্রধানদের নিকট হইতে পুনরায় লক্ষ লক্ষ টাকা আত্মসাতের অপচেষ্টা হিসাবে উল্লেখ করিয়া শিক্ষক সমাজের বৃহত্তর স্বার্থে উক্ত সম্মেলনে মাদ্রাসা শিক্ষকদের যোগদান না করার জন্য আহ্বান জানান হইয়াছে।